ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিওএস সার্কুলার নং- ০৫

তারিখ ঃ- ২২ কার্তিক, ১৪২০
০৬ নভেম্বর,২০১৩

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

**সম্পদ ও দায় সম্পর্কিত বিবরণী দাখিল প্রসংগে।**

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ধারা ৩৬ এর উপধারা (১) এ প্রত্যেক ব্যাংক কোম্পানী কর্তৃক প্রতি বৎসরে ত্রৈমাসিক ভিত্তিতে উহার সম্পদ ও দায় সম্পর্কিত একটি বিবরণী নির্ধারিত ফরম ও পদ্ধতিতে বাংলাদেশ ব্যাংকে দাখিলের নির্দেশনা রয়েছে।

উক্ত নির্দেশনার আলোকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিবীক্ষণের সুবিধার্থে ব্যাংকগুলোর সম্পদ ও দায় এবং লাভ-ক্ষতি সম্পর্কিত বিবরণী ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৩৮ এর প্রথম তফসিল অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে (প্রত্যেক ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের শেষ কার্যদিবসের মধ্যে) ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশনে (সফট্‌কপি**সহ**) দাখিল করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এস. এম. রবিউল হাসান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩